

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ৩০ ফাল্গুন ১৪২৪/১৪ মার্চ ২০১৮

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০২.১৩.৪৭—সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে ১২ মার্চ ২০১৮ তারিখ সোমবার নেপালের ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের সময় আকস্মিক বিমান দুর্ঘটনায় বাংলাদেশের বেসরকারি বিমান সংস্থা ইউএস বাংলার বিএস ২১১ নম্বর ফ্লাইটটি বিধ্বস্ত হয়ে মর্মান্তিকভাবে নিহত দেশী-বিদেশী ৫১ জন আরোহীর বিদেহী আত্মার শান্তি কামনা এবং তাঁদের শোক-সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা প্রকাশের লক্ষ্যে আগামী ১৫ মার্চ ২০১৮ তারিখ ০১ (এক) দিনের রাষ্ট্রীয় পর্যায়ে শোক পালন করা হবে। উক্ত দিবসে বাংলাদেশের সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্ত্বশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান/ভবনসমূহে এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



১৪, ০৩, ১৮

(মোহাম্মদ শফিউল আলম)

মন্ত্রিপরিষদ সচিব

বিতরণ:

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
- ৩। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়। বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহকে অবহিত করার জন্য তাঁকে অনুরোধ করা হল।
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)। তাঁর বিভাগের সকল জেলা প্রশাসককে অবহিত করার জন্য অনুরোধ করা হল।
- ৫। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৬। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। তাঁকে উপর্যুক্ত প্রজ্ঞাপন বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে এবং জাতীয় দৈনিক পত্রিকাসমূহে জরুরি ভিত্তিতে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হল।
- ৭। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা। তাঁকে উপর্যুক্ত প্রজ্ঞাপনটির ১০০ (একশত) কপি মুদ্রণ করে অদ্যই সরবরাহ করার জন্য অনুরোধ করা হল।
- ৮। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।